**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 25-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**INDIA ON IRAN ISRAEL CEASE FIRE :**

ভারত ইরান ও ইজরায়েলের মধ্যে অস্ত্রবিরতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। এই প্রক্রিয়ায় আমেরিকা ও কাতারের ভূমিকারও প্রশংসা করেছে ভারত। বিদেশমন্ত্রকের পক্ষ থেকে গতকাল এক বিবৃতিতে পুনরায় জানানো হয়েছে, মধ্যপ্রাচ্যে বহুমুখী সংঘাতের অবসানে আলোচনা এবং কূটনৈতিক প্রক্রিয়ার কোন বিকল্প নেই। এই অঞ্চলে শান্তি ও সুস্থিতির স্বার্থে যেকোন প্রয়াসে ভারত নিজের ভূমিকা পালনে সদা প্রস্তুত বলেও বিদেশ মন্ত্রক জানিয়েছে। একইসঙ্গে সংশ্লিষ্ট সমস্ত পক্ষই এ বিষয়ে সদর্থক ভূমিকা নেবে বলে আশা প্রকাশ করেছে ভারতের বিদেশমন্ত্রক।

*********************

**Train Disrupted :**

লামডিং-বদরপুর হিল সেকশনে ট্রেন চলাচল স্বাভাবিক করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে| রেল লাইনে ব্যাপক ভূমিধ্বসের ফলে বর্তমানে লামডিং-বদরপুর হিল সেকশনের একটি অংশে রেল চলাচল বন্ধ রয়েছে| এরফলে আগরতলা থেকেও কিছু ট্রেনের যাত্রা বাতিল ও কিছু

ট্রেনের যাত্রা আংশিক বাতিল করা হয়েছে| এন.এফ রেলওয়ে সূত্রে গতকাল সন্ধ্যায় জানা গেছে, আগামী ২৭শে জুন নির্ধারিত ট্রেন নং. ১২৫০৩ এসএমভিটি বেঙ্গালুরু-আগরতলা, হামসফর এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে |আজকের নির্ধারিত ট্রেন নং. ১২৫০২ আগরতলা-কলকাতা গরীব রথ এক্সপ্রেসটি গুয়াহাটি থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে এবং ট্রেনটির আগরতলা ও গুয়াহাটির মধ্যে পরিষেবা বাতিল করা হয়েছে বলে এন. এফ. রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন |

************************

**DEFENCE MINISTER – CHINA VISIT :**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ সাংহাই সহযোগিতা সংগঠনভূক্ত দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠকে উচ্চ পর্যায়ের ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। চীনের কুইঙদাও-তে আয়োজিত দু'দিনের বৈঠকে আঞ্চলিক ও আন্তর্জাতিক  নিরাপত্তা, সন্ত্রাসবাদ প্রতিরোধী প্রয়াস এবং সদস্য দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীদের মধ্যে সহযোগিতা সংক্রান্ত বিষয়ে ব্যাপক আলোচনা হবে। বিশেষ করে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের পদক্ষেপসমূহ তুলে ধরে সন্ত্রাসবাদ মোকাবিলায় সদস্য দেশগুলির সমবেত প্রয়াসের ওপর জোর দেবেন শ্রী সিং। উল্লেখ্য এই বৈঠকের মূলপর্বের পাশাপাশি চীন রাশিয়া সহ বিভিন্ন সদস্য দেশের প্রতিরক্ষামন্ত্রীদের সঙ্গে তিনি দ্বিপাক্ষিক বৈঠকও করবেন।

এদিকে, সন্ত্রাসবাদ মোকাবিলার প্রস্তুতিকে মজবুত করতে প্রতিরক্ষামন্ত্রক জরুরি সংগ্রহ ব্যবস্থাপনার আওতায় ১৩টি চুক্তির বিষয়ে মঞ্জুরি দিয়েছে। ভারতীয়

সেনাবাহিনীর জন্য মোট দুহাজার কোটি টাকার মঞ্জুরির অংশ হিসেবেই ১হাজার ৯৮১ কোটি টাকার ১৩টি চুক্তি মঞ্জুর করা হলো।

**********************

**Sushanta Chowdhury :**

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, সড়ক দুর্ঘটনায় আহতদের দ্রুত হাসপাতালে পৌঁছে দিতে পরিবহন দপ্তর ১৬ টি বেসিক লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স কিনেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে এক অনুষ্ঠানের মাধ্যমে এই অ্যাম্বুলেন্সগুলি শিগগিরই জনগনের ব্যবহারের জন্য উৎসর্গ করা হবে। এ বিষয়ে গতকাল সচিবালয়ে পরিবহনমন্ত্রীর পৌরহিত্যে এক প্রস্তুতি বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, ট্রান্সপোর্ট কমিশনার সুব্রত চৌধুরী, পশ্চিম জেলার পুলিশ সুপার ড. কিরণ কুমার কে, ট্রাফিক পুলিশ সুপার কান্তা জাঙ্গীর এবং স্বাস্থ্য, অগ্নি নির্বাপক ও পরিবহন দপ্তরের আধিকারিকরা।

*********************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৪৬তম পর্বে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সমস্যাপীড়িত মানুষের সঙ্গে সরাসরি কথা বলেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে নানাবিধ সমস্যা নিয়ে সাহায্য প্রত্যাশীগণ এসেছিলেন আগরতলায়

মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে। চিকিৎসা, শিক্ষা, জমি সহ বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রী সমস্যাপীড়িতদের সাথে কথা বলে তাদের সমস্যার তাৎক্ষণিক সমাধানে উদ্যোগ গ্রহণ করেন।

সম্প্রতি আগরতলার বাধারঘাটের মাতৃপল্লী এলাকায় এক দুর্ভাগ্যজনক ঘটনায় তিনজন কিশোরের জলে ডুবে প্রাণহানি ঘটে। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে গতকাল শোকাহত তিন পরিবারের সদস্যদের হাতে মুখ্যমন্ত্রী আর্থিক সহায়তা হিসাবে চার লক্ষ টাকা করে চেক তুলে দেন।

********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে| এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে|

*****************

**UNION MOS VISIT :**

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী রক্সা নিখিল খাডসে দুদিনের সফরে গতকাল রাজ্যে এসেছেন। তিনি বিকালে ত্রিপুরা স্পোর্টস স্কুলের মাঠ ও বাধারঘাটের দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সের বিভিন্ন ক্রীড়া পরিকাঠামো ঘুরে দেখেন। তিনি আগরতলার সাই এসটিসি'ও ঘুরে দেখেন। পরে খেলোয়াড়দের সাথেও কথা বলেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানান ত্রিপুরায় প্রতিভা রয়েছে। ফুটবল এরাজ্যে জনপ্রিয় খেলা। ত্রিপুরা সহ উত্তরপূর্বের ক্রীড়া উন্নয়নে কেন্দ্রীয় সরকার সব ধরনের সহযোগিতা করে চলেছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের পূর্বোত্তর সম্পর্ক সেতু বার্তালাপ উদ্যোগের অঙ্গ হিসাবে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর এই রাজ্য সফর |

*********************

**Weather :**

আজ আকাশ সাধারণতঃ মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ৩.২ মিলিমিটার |

***********************

************************